


ডুলা পরিষেবাগুলি Medicaid-এ আওতাভুক্ত রয়েছে। একজন ডুলা আপনার জন্য সঠিক কি না?



ডুলা বলতে কী বোঝায়?

- একজন ডুলা গর্ভধারী ও প্রসবোত্তর ব্যক্তিদের প্রসবের আগে, প্রসবের সময় ও প্রসবের পরে বা গর্ভাবস্থার শেষের দিকে শারীরিক, মানসিক, শিক্ষামূলক এবং অ-চিকিৎসামূলক সহায়তা প্রদান করে থাকে।
- লাইসেন্সপ্রাপ্ত প্রদানকারী দ্বারা চিকিৎসামূলক পরিচর্যা কে প্রতিস্থাপিত করা ডুলা সহায়তার উচিত নয়।

একজন ডুলা কী-কী পরিষেবা প্রদান করে থাকে?

ডুলা পরিষেবাগুলির মধ্যে নিম্নলিখিতগুলি থাকতে পারে:

- জন্ম সংক্রান্ত একটি পরিকল্পনা প্রস্তুত করা;
- গর্ভাবস্থার পুরো সময় জুড়ে অব্যাহত সমর্থন;
- প্রসবের সময় ক্রমাগত প্রসব সংক্রান্ত সহায়তা;
- গর্ভাবস্থা, প্রসব এবং প্রাথমিক পর্যায়ের লালন-পালন সংক্রান্ত শিক্ষা ও তথ্য;
- আপনার এবং আপনার চিকিৎসা প্রদানকারীদের মধ্যে যোগাযোগে ক্ষেত্রে সাহায্য করা, এবং;
- আপনাকে প্রসব ও লালন-পালন সংক্রান্ত কমিউনিটি-ভিত্তিক সংস্থানগুলির সাথে সংযুক্ত করিয়ে দেওয়া।

আমি কি ডুলা পরিষেবাগুলি পাওয়ার জন্য যোগ্য?

- আপনি যদি নিউ ইয়র্ক স্টেট Medicaid-এর সদস্য হয়ে থাকেন তাহলে প্রতিটি গর্ভাবস্থার সময় আপনি ডুলা পরিষেবাগুলি পাওয়ার জন্য যোগ্য।
- আপনি গর্ভাবস্থার আগে ও পরে ৪টি পর্যন্ত ডুলা ভিজিট এবং প্রসবের সময় সহায়তা প্রাপ্ত করতে পারেন - আপনার গর্ভাবস্থার ফল যাই হোক না কেন।
- আপনার গর্ভাবস্থা শেষ হওয়ার 12 মাস পরেও আপনি ডুলা পরিষেবা প্রাপ্ত করতে পারেন।

ডুলা পরিষেবার জন্য আমার খরচ কত হবে?

- Medicaid-নথিভুক্ত ডুলাদের দ্বারা প্রদত্ত ডুলা পরিষেবাগুলির জন্য আপনার কোনও খরচ হবে না।



ডুলা পরিষেবা সুবিধা
সম্পর্কে আরও জানুন:
health.ny.gov/doula



Department
of Health
Medicaid